ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৬০
আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৪

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১৭ নভেম্বর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘রাজ্য সরকারের প্রশাসনিক দপ্তর নিয়ে উঠছে প্রশ্ন’ শিরোনামে প্রকাশিত সংবাদটি সাধারণ প্রশাসন (প্রশাসনিক সংস্কার) দপ্তরের নজরে এসেছে। দপ্তর থেকে জানানো হয়েছে প্রকাশিত সংবাদটি সত্য নয় ও ভিত্তিহীন। সাধারণ প্রশাসন (প্রশাসনিক সংস্কার) দপ্তর থেকে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে জানানো হয়েছে-

১) AIS Officers এবং State Cadre Service Officers-দের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত প্রক্রিয়া AIS (D&A) Rules, 1969 ও CCS (CCA) Rules, 1965 অনুযায়ী পরিচালিত হয়। তদরূপভাবে, Central Vigilance Commission (CVC) এর নির্দেশাবলী মেনে Vigilance Clearance এর জন্য প্রেরিত প্রতিটি দরখাস্ত বিবেচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়।

২) দপ্তরের বিশেষ সচিব Leave Rules অনুযায়ী ছুটি নিয়ে Tata Memorial Hospital, Mumbai থেকে উনার স্ত্রীর চিকিৎসা করান। ছুটির সঙ্গে সরকারি ডিউটির সময় সম্পূর্ণ আলাদা বিষয়।

৩) দপ্তরে সিপাহীজলার জমি সংক্রান্ত কোন ফাইল গায়েব হয়ে যায়নি। প্রকাশিত খবরটি সম্পূর্ণ ভিত্তিহীন।

সমস্ত ফাইল নিয়ম অনুযায়ী প্রসেস করা হয়। দপ্তরের অতিরিক্ত সচিবও প্রচলিত নিয়ম মেনে সময়মতো কাজ করছেন।

৪) সাধারন প্রশাসন (প্রশাসনিক সংস্কার) দপ্তরের কাজকর্ম যথাসম্ভব ই-ফাইল প্রক্রিয়ার মাধ্যমেও হয়ে থাকে। দপ্তরে প্রায় ৭৫ শতাংশ সক্রিয় ব্যবহারকারীরা রয়েছেন, যারা অনলাইন পদ্ধতিতে ফাইল প্রসেস করছেন।

৫) খবরে প্রকাশিত, কোন এক উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকের তদন্ত সংক্রান্ত ফাইলের প্রক্রিয়াকরণ পরিকল্পিত ভাবে দীর্ঘায়িত করার ঘটনা ভিত্তিহীন। সাধারন প্রশাসন (প্রশাসনিক সংস্কার) দপ্তরের তরফে কোন দেরি করা হয়নি। সমস্ত ফাইল প্রচলিত আইন মেনে প্রসেস করা হয়ে থাকে।

******